মেহেরপুরে বছরের প্রথম প্রহরে মুজিব বর্ষ পালন করলো যুবলীগ নেতা জনি

মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও জেলা যুবলীগ এর আহবায়ক কমিটির সদস্য মিজানুর রহমান জনি মুজিব বর্ষ পালন করেছে।

মঙ্গলবার দিবাগত রাত ২০২০ প্রথম প্রহরে রাত ১২ টা ০১ মিনিটে ১০০ মোমবাতি জ্বালিয়ে মুজিব বর্ষ পালন করেন।

স্থানীয় যুবলীগ ও ছাত্রলীগ নেতাকর্মীদের সাথে নিয়ে ২ নং ওয়ার্ড বোস পাড়ার মোড়ে- তিনি এ কর্মসূচী পালন করেন।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগর উপজেলা কৃষকলীগের শপথ গ্রহণ

মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে ও মাননীয় প্রধানমন্ত্রী কৃষকরত্ন জননেত্রী শেখ হাসিনা “দূর্নীতি, মাদক ও মজুতদারের বিরুদ্ধে চলমান অভিযানের সাথে একাত্বতা” শীর্ষক আলোচনা সভা ও শপথ গ্রহন করেছে মুজিবনগর উপজেলা কৃষকলীগ।

গতকাল সোমবার বিকালে কেদারগঞ্জ বাজারে অনুষ্ঠিত শপথ গ্রহন অনুষ্ঠানে সকলকে নিয়ে শপথ পাঠ করান ১৯৭১ সালের ১৭ এপ্রিল অনুষ্ঠানের শপথ পাঠকারী বাকের আলী মাষ্টার।

এর আগে একই মন্চে উপজেলা কৃষকলীগের সভাপতি নজরুল ইসলাম মন্ডলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষকলীগের সভাপতি মাহাবুব আলম শান্তি।

জেলা কৃষকলীগের যুগ্ম সাধারন সম্পাদক মশিউর রহমান পলাশের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সরদার লিখন, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান টিটু, উপজেলা শ্রমীক লীগের সভাপতি আবুল কালাম আজাদ।

এ সময় কৃষকলীগের উপজেলা ও ইউনিয়নের নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।

- মুজিবনগর অফিস

মেহেরপুরে ‘গণতন্ত্র হত্যা দিবস’ পালন করলো বিএনপি

মেহেরপুরে কেন্দ্র ঘোষীত ‘৩০শে ডিসেম্বর গণতন্ত্র হত্যা দিবস’ পালন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

সোমবার সকালে জেলা বিএনপির কার্যালয় প্রাঙ্গনে ‘গণতন্ত্র পূনরুদ্ধার ও জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠার সংগ্রাম’ স্লোগানে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিতে বক্তব্য রাখেন জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াছ হোসেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, আব্দুর রশিদ, পৌর বিএনিপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে মুজিববর্ষ উদযাপন বিষয়ক প্রস্তুতিমূলোক সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসন আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিব বর্ষ) উদযাপন বিষয়ক প্রস্তুতিমূলোক সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুর ২টার দিকে উপজেলা প্রশাসনের সভাকক্ষে মুজিব বর্ষকে আড়ম্বর পূর্ণভাবে উদযাপনের লক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।
উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, পৌর মেয়র আশরাফুল ইসলাম, ওসি তদন্ত সাজেদুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি শহিদুল ইসলাম বিশ্বাস, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম,উপজেলা শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার,

কাথুলি ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান একেএম শফিকুল আলম, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি, গাংনী সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী মহিলা কলেজের অধ্যক্ষ খোরশেদ আলম, দারিয়াপুর ডিগ্রি কলেজের প্রভাষক মুরাদ হোসেন,

ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম, সাধারন সম্পাদক বিপ্লব হোসেন সহ উপজেলা সকল শ্রেনী পেশার মানুষ উপস্থিৎ থেকে যথাযোগ্য মর্যাদায় আড়ম্বর পূর্ণভাবে মুজিব বর্ষ উদযাপনের লক্ষ্যে মতামত প্রকাশ করেন।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরের বারাদির জাসদ নেতা আবু সিদ্দিক আর নেই

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের বারাদি- মোমিনপুর গ্রামের বাসিন্দা ও মেহেরপুর জেলা জাসদের সদস্য আবু সিদ্দিক ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

রবিবার দুপুর সাড়ে ১২ টার দিকে নিজ বাসভবনে হৃদযন্ত্রে ক্রিয়া বন্ধ হয়ে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি ওই গ্রামের মরহুম মোহাম্মদ আলীর বড় ছেলে এবং বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ হযরত মাওলানা তালেব উদ্দিনের বড় ভাই।

কর্মজীবনে তিনি নাসির টোব্যাকো ইন্ডাস্ট্রিজ এর ম্যানেজার হিসাবে চাকরি জীবন শেষ করেন। ২০১০ সালে তিনি অবসরে নেন। ছাত্রজীবন থেকেই তিনি তিনি জাসদের রাজনীতির সাথে জড়িত ছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি এক ছেলে এক মেয়ে জামাতা বৌমা নাতনি নাতি সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

এদিকে জাসদ নেতা আবু সিদ্দিকের মৃত্যুতে শোক জানিয়েছেন রাজনৈতিক সহযোদ্ধা জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু।

তিনি এক শোক বিবৃতিতে বলেন, ছাত্র জীবনে আবু সিদ্দিক বৈজ্ঞানিক সমাজতন্ত্রে বিশ্বাসী বাংলাদেশ ছাত্রলীগের মেহেরপুর কলেজ শাখার সাধার সম্পাদক ছিলেন। বর্তমানে তিনি মেহেরপুর জেলা জাসদের সদস্য ছিলেন। সদা হাস্যজ্জল মানুষটি বড্ড অসময়ে চলে গেলেন। সর্বদা বাম চিন্তাবে ধারণ করেই জীবন যাপন করতেন তিনি। এটি সাম্যের সমাজ, একটি নায্যতার ও মানবিক সমাজ প্রতিষ্ঠার যে কোন রঢ়াইয়ে নিজেকে সম্পৃক্ত করতেন। তার এই মৃত্যুতে জেলা জাসদ গভীর শোক ও পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করছে।

- বারাদি প্রতিনিধি

মেহেরপুরে তাঁতী লীগ নেতা পাভেলের আত্মহত্যা !

মেহেরপুর সদর থানা তাঁতী লীগের সাধারণ সম্পাদক সেলিম রেজা পাভেল গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছেন।

রবিবার সকাল ৯টার দিকে বাড়ির পাশের বাগানের একটি আমগাছে গলায় রশি দিয়ে তিনি আত্মহত্যা করেন। সেলিম রেজা পাভেল মেহেরপুর পৌর কলেজ পাড়ার স’মিল ব্যবসায়ী মসলেম আলীর ছেলে। ধারণা করা হচ্ছে পারিবারিক কলহের জের ধরে এ ঘটনা ঘটে থাকতে পারে।

স্থানীয়রা জানান, সকালে অন্যান্য দিনের মত নাস্তা শেষ করে পাভেল। হঠাৎ করে ৯টার দিকে গলায় রশি দেওয়া অবস্থায় আমগাছে ঝুলতে দেখে পুলিশকে খবর দেয় স্থানীয়রা। খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশের এস আই শরিফ হাবিবুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে লাশ উদ্ধার করে থানায় নিয়ে আসে।

আরো পড়ুন:
মুজিবনগরে বিয়ের দাবিতে প্রেমিকের বাড়িতে প্রেমিকার অনশন

পারিবারিক কলহের জের ধরে দির্ঘদিন ধরে মানসিক অস্থিরতায় ভুগতেন পাভেল। প্রথম স্ত্রীর সাথে মনমালিন্যের পর ২য় বিয়ে করেছিলেন কিছু দিন আগে। প্রথম স্ত্রী বাড়ি থেকে নির্যাতন করে বের করে দেওয়ার অভিযোগ তুলে তার বিরুদ্ধে থানায় একটি অভিযোগও করেছিলেন।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, মানসিক ও পারিবারিক কলহের কারণেই সে আত্মহত্যা করেছে বলে ধারণা করা হচ্ছে। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে কৃষক লীগের আলোচনা সভা ও শপথ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা কৃষকলীগের আয়োজনে বিজয় দিবসে আলোচনা সভা ও শপথ পাঠ অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেল সাড়ে ৪টার সময় গাংনী কাচা বাজার সংলগ্ন গরুর হাটে এ আলোচনা সভা ও শপথ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে শপথ বাক্য পাঠ করান প্রধান অতিথি মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক। অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন জেলা কৃষকলীগের সভাপতি মাহাবুবুল আলম শান্তি ও প্রধান বক্তার বক্তব্য রাখেন জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

উপজেলা কৃষকলীগের সভাপতি মোশাররফ হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, উপজেলা কৃষক লীগ সাধারণ সম্পাদক আতিয়ার রহমান, পৌর কৃষক লীগ সভাপতি বদরুল আলম, সাধারণ সম্পাদক আছাল উদ্দীন, ওয়ার্ড কাউন্সিলর নবীর উদ্দীন।

জেলা কৃষক লীগ নেতা মশিউর রহমান পলাশের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন উপজেলা কৃষক লীগ সাংগঠনিক সম্পাদক আব্দুল মতিন, উপজেলা ছাত্রলীগ সভাপতি তোহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনসহ কৃষক লীগের বিভিন্ন ইউনিট নেতৃবৃন্দ।

শেখ হাসিনার নেতৃত্বে দুর্নীতি, মাদক ও মজুতদারদের বিরুদ্ধে চলমান শুদ্ধি অভিযানের সাথে একাত্বতা প্রকাশ করে এর বিরুদ্ধে লড়াই ও দেশকে দূর্নীতি মুক্ত করতে নেতা কর্মীরা শপথ বাক্য পাঠ করেন।

- গাংনী প্রতিনিধি

হেলিকপ্টারে চড়ে বিয়ে করতে গেলেন ছাত্রলীগ নেতা

হেলিকপ্টারে চড়ে বিয়ে করেছেন কুমিল্লার লালমাই উপজেলার বাঘমারা উত্তর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি নাছির উদ্দিন মির্জা। গতকাল বুধবার নিজ গ্রাম দুতিয়াপুর থেকে মাত্র দুই কিলোমিটার দূরে পার্শ্ববর্তী চন্ডিপুর গ্রামে বিয়ে করেন তিনি।

বিয়েতে বরযাত্রী ছিলেন প্রায় ৩০০ জন। বিকেল পৌনে ৩টায় মা ও ছোট ভাইকে সঙ্গে নিয়ে হেলিকপ্টারে চড়ে শ্বশুরালয়ে রওনা হন নাছির। সেখানে পৌঁছে মাত্র এক ঘন্টার মধ্যেই সকল আনুষ্ঠানিকতা শেষে কনেকে নিয়ে ফিরে আসেন পিত্রালয়ে। একজন ইউনিয়ন ছাত্রলীগ নেতা হয়ে হেলিকপ্টারে চড়ে বিয়ের বিষয়টি এলাকায় বেশ আলোচনার জন্ম দিয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, কুমিল্লার লালমাই উপজেলার দুতিয়াপুর গ্রামের মৃত আবদুল মান্নানের ছেলে ও বাঘমারা উত্তর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি নাছির উদ্দিন মির্জা বুধবার বিয়ে করেছেন পার্শ্ববর্তী বরুড়া উপজেলার চন্ডিপুর গ্রামের আবদুল মান্নানের কন্যা জান্নাতুল মাওয়া প্রিয়াকে।

দুতিয়াপুর থেকে চন্ডিপুরের দূরত্ব মাত্র দুই কিলোমিটার। কিন্তু সামান্য এ পথ পাড়ি দিতেই বর নাছির উদ্দিন মির্জা ভাড়া করে এনেছেন হেলিকপ্টার। বিকেল পৌনে ৩টায় মা ও ছোট ভাইকে সঙ্গে নিয়ে হেলিকপ্টারে চড়ে শ্বশুরালয়ে পৌঁছান নাছির। এক ঘন্টার মধ্যেই বিয়ের সকল আনুষ্ঠানিকতা শেষে কনেকে সঙ্গে নিয়ে ফিরে আসেন পিত্রালয়ে।

বিয়ের অনুষ্ঠানের যাত্রী ও বাঘমারা উত্তর ইউনিয়ন ছাত্রলীগের সহ সভাপতি ফজলে রাব্বী বলেন, ‘শখের বসেই হেলিকপ্টারটি ভাড়া করে আনা হয়েছে। বরের বাড়ি থেকে কনের বাড়ির দূরত্ব তো অনেক কম। মাত্র এক ঘণ্টার মধ্যেই সকল আনুষ্ঠানিকতা শেষ করা হয়েছে। বর তার মা ও ভাইকে নিয়ে কনের বাড়িতে গেছেন।’

তিনি বলেন, ‘বিয়েতে বরযাত্রী ছিল প্রায় ৩০০। বর হেলিকপ্টারে গেছেন, আমরা মাইক্রো আর বাইকে গেছি। বৃহস্পতিবার বৌ-ভাত অনুষ্ঠিত হবে। বিয়েতে উকিল হয়েছেন সদর দক্ষিণ উপজেলা পরিষদের চেয়ারম্যান গোলাম সারওয়ার।’

জানতে চাইলে সদর দক্ষিণ উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আয়াত উল্লাহ জানান, ‘হেলিকপ্টারে চড়ে বিয়ের বিষয়টি আমি শুনেছি। ফেসবুকেও দেখিছি। তবে নাছিরের বিয়েতে আমি দাওয়াত পাইনি।’

ছাত্রলীগ নেতার হেলিকপ্টারে চড়ে বিয়ে নিয়ে সমালোচনার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, ‘আলোচনা-সমালোচনা তো একটু হবেই।’

সূত্র: কালের কণ্ঠ

আওয়ামী লীগ নেতা অ্যাড. আব্দুস সালাম অসুস্থ্য, দোয়া কামনা

বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সাবেক সহ-সভাপতি ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য অ্যাডভোকেট আব্দুস সালাম হৃদরোগে আক্রান্ত হয়ে ঢাকায় জাতীয় হৃদরোগ ইন্সটিটিউশনে ভর্তি হয়েছেন।

গতকাল মঙ্গলবার রাতে বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় উপপ্রচার কমিটির সহ-সম্পাদক ও মেহেরপুর প্রতিদিন’র প্রকাশক এম.এ.এস ইমন তাকে দেখতে হাসপাতালে যান এবং তার চিকিৎসার খোজ খবর নেন।

এ সময় অ্যাড. আব্দুস সালাম মেহেরপুর প্রতিদিন প্রকাশকের মাধ্যমে সবার কাছে দোয়া চেয়েছেন।

- নিজস্ব প্রতিনিধি

ঝিনাইদহে ঘোড়শাল ইউনিয়নে

ওয়ার্ড আওয়ামীলীগের সম্মেলন অনুষ্টিত

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়নের ৪,৫ ও ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক কমিটি গঠন করা হয়েছে।

মঙ্গলবার সন্ধায় ইউনিয়ন পরিষদে ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যেগে এই আয়োজন করা হয়। এ সময় ওয়ার্ড আওয়ামীলীগ সভাপতি সামছুজামান মন্টু’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ঘোড়শাল ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি নৃত্য গোপাল শিকদার, সাধারণ সম্পাদক রণজিৎ কুমার বিশ্বাস, কৃষকলীগের নেতা প্রভাত রঞ্জন বিশ্বাসসহ ছাত্রলীগ, যুবলীগের নেতাকর্মীবৃন্দ।

এ সময় ৪নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক আলিম মন্ডল, ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আব্দুল বাতেন ও সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সামছুজামান মন্টু ও সাধারণ সম্পাদক মহিদুল ইসলাম পদ নির্বাচিত করে ত্রি-বার্ষিক কমিটি গঠন করা হয়। নেতৃবৃন্দ জানান, আগামী ৩ দিনের মধ্যে ৫১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি ঘোষনা করা হবে।

প্রধান অতিথি ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন বলেন,রাজনীতির পাশাপাশি সমাজকে আইনশৃংখলা শান্তিপূর্ণ রাখতে হবে।কোন মতেই সমাজে বিবাদ সৃষ্টি করা যাবে।রাজনীতির পাশাপাশি সমাজকে মাদক ও বাল্য বিবাহ মুক্ত করতে হবে।সেই জন্য সকলকে ঐক্যবদ্ধ থাকতে হবে।ইউনিয়নে বিশৃংখলাকারীকে কোন বরদাস্ত করা হবে না।

- ঝিনাইদহ প্রতিনিধি